# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৯৪

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ শয্যাগ্রহণকালের দু'আ

باب مَا جَاءَ فِي الدُّعَاءِ إِذَا أَوَى إِلَى فِرَاشِهِ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنْ أَبِي إِسْحَاقَ الْهَمْدَانِيِّ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ لَهُ " أَلاَ أُعَلِّمُكَ كَلِمَاتٍ تَقُولُهَا إِذَا أَوَيْتَ إِلَى فِرَاشِكَ فَإِنْ مُتَّ مِنْ لَيْلَتِكَ مُتَّ عَلَى الْفِطْرَةِ وَإِنْ أَصْبَحْتَ أَصْبَحْتَ وَقَدْ أَصَبْتَ خَيْرًا تَقُولُ اللَّهُمَّ إِنِّي أَسْلَمْتُ نَفْسِي إِلَيْكَ وَوَجَّهْتُ وَجْهِي إِلَيْكَ وَفَوَّضْتُ أَمْرِي إِلَيْكَ رَغْبَةً وَرَهْبَةً إِلَيْكَ وَأَلْجَأْتُ ظَهْرِي إِلَيْكَ لاَ مَلْجَأَ وَلاَ مَنْجَا مِنْكَ إِلاَّ إِلَيْكَ آمَنْتُ بِكِتَابِكَ الَّذِي أَنْزَلْتَ وَبِنَبِيِّكَ الَّذِي أَرْسَلْتَ " . قَالَ الْبَرَاءُ فَقُلْتُ وَبِرَسُولِكَ الَّذِي أَرْسَلْتَ . قَالَ فَطَعَنَ بِيَدِهِ فِي صَدْرِي ثُمَّ قَالَ " وَبِنَبِيِّكَ الَّذِي أَرْسَلْتَ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ قَدْ رُوِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنِ الْبَرَاءِ . وَرَوَاهُ مَنْصُورُ بْنُ الْمُعْتَمِرِ عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ عَنِ الْبَرَاءِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ إِلاَّ أَنَّهُ قَالَ إِذَا أَوَيْتَ إِلَى فِرَاشِكَ وَأَنْتَ عَلَى وُضُوءٍ .

বাংলা

৩৩৯৪. ইবন আবু উমার (রহঃ) ...... বারা ইবন আযিব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেনঃ এমন কিছু কালিমা আমি কি তোমাকে শিখিয়ে দিব না যেগুলি তুমি শয্যাগ্রহণের সময় পাঠ করবে। তারপর তুমি যদি সে রাতে মারা যাও তবে দ্বীন ফিতরাতের উপর হবে তোমার মৃত্যু। আর যদি তোমার ভের হয় তবে ভোর হবে এমন অবস্থায় যে তোমার সকাল হবে কল্যাণের।

اللَّهُمَّ أَسْلَمْتُ نَفْسِي إِلَيْكَ وَوَجَّهْتُ وَجْهِي إِلَيْكَ وَفَوَّضْتُ أَمْرِي إِلَيْكَ رَغْبَةً وَرَهْبَةً إِلَيْكَ وَأَلْجَأْتُ ظَهْرِي إِلَيْكَ لاَ مَلْجَأَ وَلاَ مَنْجَا مِنْكَ إِلاَّ إِلَيْكَ آمَنْتُ بِكِتَابِكَ الَّذِي أَنْزَلْتَ وَبِنَبِيِّكَ الَّذِي أَرْسَلْتَ

হে আল্লাহ! আমি সমর্পন করলাম নিজেকে তোমার কাছে। আমি আমার চেহারাকে তোমার দিকে মুতাওয়াজ্জেহ

করলাম। আমর সব বিষয়ে তোমাকে সোপর্দ করলাম তোমার প্রতি আগ্রহে ও তোমার ভয়ে। আমি তোমার প্রতি নির্ভর করলাম। তুমি ছাড়া কোন আশ্রয়স্থল ও মুক্তির পথ নেই। আমি ঈমান এনেছি তোমার কিতাবের প্রতি যা তুমি নাযিল করেছ এবং তোমার নবীর উপর যাকে তুমি প্রেরণ করেছ।

বারা রাদিয়াল্লাহু আনহু বলেন আমি বললামঃ (وَبِرَسُولِكَ الَّذِي أَرْسَلْتَ) তোমার রাসূলের প্রতি যাকে তুমি প্রেরণ করেছ তখন তিনি আমার বুকে খোঁচা দিয়ে বললেনঃ (وَبِنَبِيِّكَ الَّذِي أَرْسَلْتَ) – তোমার নবীর প্রতি যাকে তুমি প্রেরণ করেছ।

সহীহ, আল কালিমুত তাইয়্যিব হাঃ ৪১/২৬, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩৯৪ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ-গারীব। এ বিষয়ে রাফি ইবন খাদীজ রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। বারা থেকে উক্ত হাদীসটি বিভিন্ন সূত্রে বর্ণিত রয়েছে। মানসূর ইবন মুতামির (রহঃ) এটিকে সা’দ ইবন উবায়দা ... বারা রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণনা করেছেন। তবে এতে আছে যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ যখন তুমি অযু সহ শয্যা গ্রহণ করবে ...।

## English

Al-Bara' bin `Azib narrated that:
The Prophet (ﷺ) said to him: “Should I not teach you some words to say when you go to your bed, so if you died, you will die upon the Fitrah, and if you reach the morning, you will reach it in good? You say: ‘O Allah, verily, I submit myself to You, and I turn my face to You, and I entrust my affair to You, hoping in You and fearing in You. And I lay myself down depending upon You, there is no refuge [nor escape] from You except to You. I believe in Your Book which You have revealed, and in Your Prophet whom You have sent (Allāhumma innī aslamtu nafsī ilaika wa wajjahtu wajhī ilaika, wa fawwaḍtu amrī ilaika, raghbatan wa rahbatan ilaika wa alja'tu ẓahrī ilaika, lā malja'a [wa lā manjā] minka illā ilaik. Āmantu bikitābikal-ladhī anzalta wa binabiyyikal-ladhī arsalt).’” Al-Bara' said: “So I said: ‘And in Your Messenger whom you have sent.’” He said: “So he (ﷺ) struck his hand upon my chest, then said: “And in Your Prophet whom You have sent. (Wa binabiyyikal-ladhī arsalt).”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38785

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন